

ভর্তি পরীক্ষায় জালিয়াতি আটক ৫

শাবিপ্রবি প্রতিনিধি ২৭ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ-

অ

অ+

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ভর্তি পরীক্ষা চলাকালে ডিজিটাল জালিয়াতির অভিযোগে বিভিন্ন কেন্দ্র থেকে পাঁচজনকে আটক করা হয়েছে। গতকাল শনিবার এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল সকাল সাড়ে ৯টায় সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ‘এ’ ইউনিট এবং দুপুর আড়াইটায় বিজ্ঞান অনুষদভুক্ত ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসন জানায়, এবারের ভর্তি পরীক্ষায় ৯০ শতাংশ শিক্ষার্থী অংশ নিয়েছে। ‘বি’ ইউনিটের পরীক্ষায় সময়কাল ক্যালকুলেটর ব্যবহার করে এবং ডিজিটাল ডিভাইসের মাধ্যমে প্রশ্নের উত্তর সংগ্রহ করার অভিযোগে বিভিন্ন কেন্দ্র থেকে পাঁচজনকে আটক করেন কেন্দ্র পরিদর্শকরা। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিনও বিষয়টি নিশ্চিত করেছেন।